মডেল অ্যাক্টিভিটি টাস্ক

দশম শ্রেণীর

ভূগোল

উত্তর পার্ট-2

নীচের প্রশ্নগুলির উত্তর লেখো :

১. মরু অঞ্চলে বায়ুর কাজের প্রাধান্য লক্ষ্য করা যায় কেন ?

Ans:- মরু অঞ্চলে বায়ুর কাজের প্রাধান্যের কারণ-

(i) বায়ুপ্রবাহ:- মরু অঞ্চলে বায়ু অবাধে তার বাহিত পদার্থকে অনেক দূরে টেনে নিয়ে যায়।

(ii) উষ্ণ ও শুষ্ক বায়ুর উপস্থিতি:- মরু অঞ্চলে বায়ুর আর্দ্রতা কম থাকার ফলে সেটি অত্যন্ত উষ্ণ হয়ে ওঠে। এতে ওপরের স্তরের বালুরাশি শুষ্ক ও হালকা হয়ে বহুদূরে উড়ে যায়।

(iii) ঝড়ো বাতাসের প্রাধান্য:- ঝোড়ো বাতাসের জোর বেশি। এতে বাতাসে বাহিত বালুকনার আঘাতে যেমন শিলার ক্ষয় হয় তেমনি ক্ষয়িত পদার্থ বহুদূরে উড়ে ভূমিরূপ গঠন করে।

(iv) উদ্ভিদ শূন্যতা:- বালুকণা মাটিতে আটকে রাখতে পর্যাপ্ত সংখ্যক উদ্ভিদের অভাব থাকায় মরু অঞ্চলে বায়ু খুব সহজে ও দ্রুত কাজ করে।

(v) শুষ্ক-রুক্ষ জমি ও জলাভান্ডার:- শুষ্ক - উষ্ণ আবহাওয়ার জন্য ওপরের মাটির স্তর শুষ্ক ও রুক্ষ থাকায় মাটি ভঙ্গুর ও আলগা হয় এবং প্রবল বাতাসের আঘাতে তা গুঁড়ো হতে থাকে।

২. কীভাবে বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তন সুন্দরবনকে প্রভাবিত করছে ?

Ans:- বিশ্বব্যাপী জলবায়ুর পরিবর্তন কিভাবে সুন্দরবনকে প্রভাবিত করেছেন তা নিম্নে আলোচনা করা হলো ।

(i) বিশ্ব উষ্ণায়ন :- বিশ্ব উষ্ণায়নের কারণ হিমবাহ গলনের ফলে বঙ্গোপসাগরের জলতল বৃদ্ধি পাচ্ছে এর জন্য সুন্দরবনের ছোট ছোট দীপগুলি সমুদ্রগর্ভে নিম্মছিত হয়েছে । এছাড়া ঘোড়ামারা ও নিউমুর সহ আরও দশটি দিয়ে নিম্মছিত হওয়াই আশঙ্কা রয়েছে।

(ii) সাইক্লোন জোয়ার ও বান :- প্রবল সাইক্লোন মুখ্য ও গৌণ জোয়ার এবং নদীতে বান আসার ফলে দ্বীপগুলির বারবার প্লাবিত হচ্ছে । এর ফলে প্লাবিত অঞ্চল গুলিতে সমুদ্রের জল ঢুকে পড়ায় মাটিকে লবণাক্ত করে দিয়ে কৃষি বাণিজ্যের অনুপযোগী করে তুলেছি এমন কি প্রচুর কৃষিজমি বাঁশ গাছ নারকেল গাছ ও বসতি বিলুপ্ত হয়ে গিয়েছে ।

(iii) এল নিনো :- এল নিনো প্রভাবে সমুদ্র জলের উন্নয়ন হেরফের হওয়ায় জলজ প্রাণী গুলি ক্ষতিগ্রস্ত হচ্ছে

৩. বৃষ্টির জল সংরক্ষণের প্রয়োজনীয়তা কী ?

Ans:- বৃষ্টির জল সংরক্ষণের প্রয়োজনীয়তা গুলি হলো :-

(i) ভৌম জলের মাত্রা বৃদ্ধি ভূগর্ভের জল জলতলের পরিমাণ বৃদ্ধি করতে বৃষ্টির জল সংরক্ষণ করা হয়

(ii) বৃষ্টির জল সংরক্ষণ ও পরিশোধন করে পানীয় জল পানীয় জল হিসেবে ব্যবহার করা হয় ।

(iii) মরুভূমি গুলিতে কৃষিকাজের জন্য এবং গবাদি পশুর পানীয় জল হিসেবে বৃষ্টির জল সংরক্ষণ করা হয় ।

(iv) কিছু কিছু শিল্প ক্ষেত্রে সংরক্ষিত বৃষ্টির জল ব্যবহার করা হয় ।

৪. এল নিনো ও লা নিনা কীভাবে ভারতের মৌসুমী বায়ুকে প্রভাবিত করে ?

Ans :-
এল নিনোর প্রভাব :- এল নিনো হলো পেক উপকূল বরাবর প্রবাহিত একটি দক্ষিণমুখী অস্থির উষ্ণ সমুদ্র স্রোত এই এল নিনোর প্রস্তাবে দক্ষিণ এশিয়ার জেট বায়ু দুর্বল হয়ে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর স্বাভাবিক প্রবাহকে ব্যাহত করে ফলে এল নিনো বছর গুলোতে মৌসুমী বায়ু ভারতে দেরিতে প্রবেশ করে এবং ক্ষরা সৃষ্টি হয়।

লা নিনার প্রভাব :- এটি একটি উত্তরমুখী অতি শীতল স্রোত । এর প্রভাবে ভারত মহাসাগর প্রচুর পরিমাণে জলীয় বাষ্প পূর্ণ উষ্ণ আদ্র মৌসুমী বায়ু ভারতে প্রবেশ করে তাই লা নিনার বছর গুলোতে ভারতে প্রচুর বৃষ্টিপাত হয় ।

Model Activity Task class 10 - ShilalipiAcademy.in